# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 02-03-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) রাজ্যে আসন্ন বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের উচ্চ পদস্থ কর্তারা আজ প্রশাসনিক ও পুলিশ আধিকারিকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন।

২) ভোট প্রস্তুতি পর্যালোচনায় আগামী সপ্তাহে রাজ্যে আসছে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ।

৩) বিধানসভা নির্বাচনের আবহে বিজেপি-র পরিবর্তন যাত্রার আজ দ্বিতীয় দিন। দলের অন্যতম শীর্ষ নেতা অমিত শাহ বলেছেন, রাজ্যে ক্ষমতায় এলে ৪৫ দিনের মধ্যে বিজেপি সপ্তম বেতন কমিশন চালু করবে।

৪) পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে সম্ভাব্য হিংসার আশঙ্কায় প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে সতর্কতামূলক চিঠি পাঠিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রক। প্রধানমন্ত্রীর উদ্বেগ প্রকাশ।

৫) দোলযাত্রা আগামীকাল। ফাল্গুনী পূর্ণিমায় ঋতুরাজ বসন্তের আবাহনে রাজ্যবাসী মেতে উঠবে রং-এর খেলায়।

---

রাজ্যের আসন্ন বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের উচ্চ পদস্থ কর্তারা আজ রাজ্যের প্রশাসনিক ও পুলিশ আধিকারিকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। উপস্থিত ছিলেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, ডেপুটি ইলেকশন কমিশনার সহ একাধিক শীর্ষ কর্তারা। রাজ্যের তরফে অংশ নেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, স্পেশাল রোল অবজ়ার্ভার সুব্রত গুপ্ত, বিভিন্ন রেঞ্জের আইজি, ডিআইজি, জেলা নির্বাচনী আধিকারিক, কমিশনারেট ও জেলার পুলিশ সুপাররাও।

আগামী বিধানসভা নির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা, ভোটার তালিকা সংক্রান্ত প্রস্তুতি, সঙ্কট ও অশান্তিপ্রবণ বুথ চিহ্নিতকরণ এবং সামগ্রিক নির্বাচনী পরিকাঠামো নিয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়েছে বলে সূত্রের খবর। নির্বাচন কমিশন, রাজ্যের প্রস্তুতি খতিয়ে দেখে প্রয়োজনীয় নির্দেশিকা দিয়েছে বলেও জানা গেছে।

এদিকে, আজই সন্ধ্যা ৬টা থেকে আইন প্রয়োগকারী সংস্থাগুলির সঙ্গে যে বৈঠক হওয়ার কথা ছিল, তা পিছিয়ে গেছে। দোল ও হোলির পর আগামী ৫ তারিখ সকালে ওই বৈঠক শুরু হবে বলে নির্বাচন কমিশনের তরফে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

---------------------

পশ্চিমবঙ্গ বিধানসভা ভোটের প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আগামী সপ্তাহে রাজ্যে আসছে। কমিশন সূত্রে খবর, আগামী ৮ই মার্চ রাতে দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সহ তিন কমিশনার ও কর্তারা কলকাতায় পৌঁছতে পারেন। পরবর্তী দুদিন তাঁরা রাজ্যের নির্বাচনী কর্তা ও প্রশাসনিক প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন। স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গেও তাদের কথা হতে পারে। প্রত্যেক দলকে কমিশনের সামনে বক্তব্য রাখার জন্য দশ

মিনিট সময় বরাদ্দ করা হয়েছে। দলগুলি তাঁদের অভিযোগ, প্রস্তাব এবং দাবি কমিশনের কাছে তুলে ধরতে পারবে।

নির্বাচনী প্রস্তুতির সামগ্রিক পরিকাঠামো খতিয়ে দেখতে পরিবহণ, স্বাস্থ্য, পূর্ত, বিদ্যুৎ এবং নারী ও শিশু কল্যাণ সহ একাধিক দপ্তরের সঙ্গে একাধিক দপ্তরের সঙ্গে আলোচনা করবে ফুল বেঞ্চ।

দুই দিনের বৈঠকের পর দিল্লি ফিরে যাবেন কমিশনের সদস্যরা। সেখানে সমস্ত রিপোর্ট ও মতামত বিশ্লেষণ করে আসন্ন বিধানসভা নির্বাচনের দফা সংখ্যা ও সূচি নিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

---------------------

বিধানসভা নির্বাচনের আবহে বিজেপি-র পরিবর্তন যাত্রার আজ দ্বিতীয় দিন। রাজ্যের পাঁচটি জায়গায় এই কর্মসূচী গ্রহণ করা হয়েছে। **দক্ষিণ ২৪ পরগনার** রায়দিঘিতে আজ পরিবর্তন যাত্রার সূচনা করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, অন্যতম শীর্ষ বিজেপি নেতা অমিত শাহ্ বলেছেন, রাজ্যে বিজেপি ক্ষমতায় এলে, ৪৫ দিনের মধ্যে সরকারী কর্মচারীদের জন্য সপ্তম বেতন কমিশন চালু করা হবে।

কর্মসংস্থানকে মূল অগ্রাধিকার দিতে বিজেপি ক্ষমতায় আসার পর ২৬ শে ডিসেম্বরের মধ্যে সব শূন্য পদ পূরণের প্রক্রিয়া শুরু করা হবে। নিয়োগে বিলম্বের কারণে ক্ষতিগ্রস্ত বাংলার যুবকদের জন্য সরকারি চাকরির পরীক্ষায় পাঁচ বছরের বয়সসীমা ছাড়েরও আশ্বাস দিয়েছেন তিনি।

বাইট

মন্ত্রী বলেন, চাকরিপ্রার্থীদের আস্থা পুনরুদ্ধারে স্বচ্ছ ও নিরপেক্ষ নিয়োগ প্রক্রিয়া চালু করা হবে। এছাড়া ২৬ হাজার শিক্ষক নিয়োগ সংক্রান্ত সমস্যা, আইনসম্মত ও স্বচ্ছ

উপায়ে সমাধান এবং তাদের প্রয়োজনীয় আর্থিক সংস্থান নিশ্চিত করার কথাও শ্রী শাহ জানান। তিনি বলেন, মহিলাদের ক্ষমতায়নে পাঁচ হাজার সাতশ কোটি টাকার একটি বিশেষ আর্থিক বরাদ্দের ঘোষণা করা হয়েছে। মেয়েদের মর্যাদা, নিরাপত্তা, আর্থিক স্বনির্ভরতা এবং সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে চালু করা হবেএকাধিক প্রকল্প।

অন্যদিকে বর্তমান শাসকদলের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, আগামী দিনে রাজ্যে বিজেপি সরকার গঠন করলে সরকারি অর্থের অপব্যবহারের সঙ্গে যুক্তদের কঠোর শাস্তি দেওয়া হবে। তুলে নেওয়া হবে রাজনৈতিক সুরক্ষাও। আইনী পদ্ধতিতে অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে সংবিধান অনুযায়ী যথাযথ ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন তিনি।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে পশ্চিমবঙ্গে বিজেপি সরকার গঠিত হলে প্রশাসনিক স্বচ্ছতা, কর্মসংস্থান বৃদ্ধি, সুশাসন প্রতিষ্ঠা এবং বাংলার হারানো অর্থনৈতিক ও সাংস্কৃতিক গৌরব পুনরুদ্ধার করা সম্ভব হবে বলে শ্রী শাহ প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

**উত্তর ২৪ পরগনার** সন্দেশখালিতে এই কর্মসূচিতে যোগ দিয়ে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, তৃণমূল কংগ্রেসের আমলে এরাজ্যে মহিলারা কলঙ্কিত হচ্ছেন। পশ্চিমবঙ্গ অনুপ্রবেশকারীদের নিরাপদ আশ্রয়স্থল হয়ে উঠেছে। কেন্দ্রীয় সরকারি প্রকল্পের টাকা নয়ছয় করে

বা প্রকল্প চালু হতে না দিয়ে তৃণমূল কংগ্রেস রাজ্যবাসীকে বঞ্চিত করছে বলেও অভিযোগ করেন তিনি।

বাইট শিবরাজ

সন্দেশখালির এই সভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর উপস্থিত ছিলেন।

**হাওড়ার** আমতায় বরিষ্ঠ বিজেপি নেতা, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, পরিবর্তন যাত্রা কর্মসূচীতে যোগ দিয়ে বলেন, রাজ্যে বিজেপি ক্ষমতায় এলে বাংলার বিকাশ সুনিশ্চিত হবে। বন্ধ হবে তোষণের রাজনীতিও।

বাইট রাজনাথ

এই সভায় বিজেপির রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য ফের একবার বাংলায় পরিবর্তনের ডাক দিয়েছেন।

**বীরভূমের** হাঁসন বিধানসভার তারাপুরে পরিবর্তন যাত্রায় যোগ দেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীশ এবং মিঠুন চক্রবর্তী।

**উত্তর দিনাজপুরের** ইসলামপুরে এই কর্মসূচীতে অংশ নেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন এবং প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। এসআইআর-এর বিরোধিতা করে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী ৬ তারিখ থেকে ধর্মতলায় যে প্রতিবাদ বিক্ষোভে বসতে চলেছেন, তার কড়া সমালোচনা করেন নীতিন নবীন। তিনি বলেন, রাজ্যের বর্তমান সমস্যা থেকে নজর ঘোরাতেই মুখ্যমন্ত্রী এই কর্মসূচীর ডাক দিয়েছেন।

কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামী ১৫'ই মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সমাবেশের মধ্যে দিয়ে পরিবর্তন যাত্রা সমাপ্তি হবে।

দোল এবং হোলি উপলক্ষে আগামী দুদিন পরিবর্তন যাত্রা স্থগিত থাকবে।

----------------------

বিধানসভা নির্বাচনের আগে প্রাথমিকভাবে রাজ্যে প্রথম দফায় ২৪০ কোম্পানি বাহিনী ইতমধ্যে মোতায়েন করা হয়েছে। আরো ২৪০ কোম্পানি বাহিনী আগামী ১০

মার্চের মধ্যে রাজ্যে পৌঁছবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। বাহিনীকে রাজ্যের বিভিন্ন জেলা ও পুলিশ কমিশনারেটে ভাগ করে দেওয়া হবে।

নির্বাচন কমিশনের পরিকল্পনা অনুযায়ী, কলকাতায় সর্বাধিক ৩০ কোম্পানি মোতায়েনের পরিকল্পনা রয়েছে। এর মধ্যে প্রথম দফায় ১২ এবং দ্বিতীয় দফায় ১৮ কোম্পানি মোতায়েন করা হবে। পূর্ব মেদিনীপুরে ২৮, পূর্ব বর্ধমানে ২৫, বীরভূমে ২১ এবং মুর্শিদাবাদ পুলিশ জেলায় ২০ কোম্পানি বাহিনী মোতায়েনের রূপরেখা তৈরি হয়েছে।

পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া এবং জঙ্গিপুর পুলিশ জেলাতেও বিপুল সংখ্যায় বাহিনী মোতায়েনের প্রস্তাব রয়েছে। পশ্চিম মেদিনীপুরে ২০, পুরুলিয়ায় ২০ এবং জঙ্গিপুরে ১৫ কোম্পানি রাখার পরিকল্পনা হয়েছে।

উত্তরবঙ্গেও উল্লেখযোগ্য সংখ্যক বাহিনী মোতায়েনের প্রস্তাব রয়েছে। কোচবিহারে ১৫, জলপাইগুড়িতে ১০, আলিপুরদুয়ারে ৭ এবং দার্জিলিংয়ে ১১ কোম্পানি রাখা হয়েছে। মালদায় ১৮ কোম্পানি এবং উত্তর দিনাজপুরের ইসলামপুর ও রায়গঞ্জ পুলিশ জেলায় ৯ ও ১০ কোম্পানি বাহিনী রাখার পরিকল্পনা রয়েছে। উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর কমিশনারেটে ১৯, বসিরহাটে ১৭, বারাসতে ১১ এবং বনগাঁয় ৬ কোম্পানি বাহিনী মোতায়েনের কথা বলা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনায় বারুইপুরে ১৩, ডায়মন্ড হারবারে ১১ এবং সুন্দরবনে ৯ কোম্পানি রাখার পরিকল্পনা হয়েছে। হাওড়া পুলিশ কমিশনারেটে ১০, হাওড়া গ্রামীণে ১১ এবং হুগলি গ্রামীণে ১৬ কোম্পানি বাহিনী মোতায়েনের প্রস্তাব রয়েছে। চন্দননগর কমিশনারেটে রাখা হয়েছে ১১ কোম্পানি।

---------------------

ভোটের ডিউটিতে এসে মৃত্যু হল এক সিআরপিএফ আধিকারিকের। গতকালই বর্ধমানে আসে এক কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। শহরের গোদা এলাকায় একটি গোডাউনে তাদের থাকার ব্যবস্থা করা হয়। সেখানেই রাতে অসুস্থ হয়ে পড়েন সিআরপিএফের ২১৫ নম্বর ব্যাটেলিয়ানের সাব ইন্সপেক্টর, 56 বছর বয়সী নগেন্দ্র সিং। তাঁকে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে সেখানেই তার মৃত্যু হয়।

---------------------

পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এক্স হ্যান্ডেলে এক বার্তায় প্রধানমন্ত্রীর দপ্তর থেকে জানানো হয়েছে, ভারত আলোচনা এবং কূটনীতির মাধ্যমে যে কোনো সমস্যার সমাধান করতে বিশ্বাসী। শ্রী মোদী বলেছেন, সংঘর্ষদীর্ণ অঞ্চলে বসবাসকারী প্রত্যেক ভারতীয় নাগরিকের নিরাপত্তার জন্য কেন্দ্র সমস্ত দেশের সঙ্গে মিলেমিশে কাজ করবে।

এদিকে, স্বরাষ্ট্র মন্ত্রক পশ্চিম এশিয়ার উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে সম্ভাব্য হিংসার আশঙ্কায় সতর্কতামূলক চিঠি পাঠিয়েছে। ইরান সমর্থনকারী চরম মনোভাবাপন্ন এমন কোনো ব্যক্তি যদি উষ্কানীমূলক কোনো কাজ করে থাকেন, তা চিহ্নিত করতেও বলা হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতির যেকোনো রকম অবনতি এড়াতে সব রকমের বন্দোবস্ত জোরাদর করার কথাও ঐ চিঠিতে জানিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক।

অন্যদিকে, উত্তর ২৪ পরগণার বারাসাতের নোয়াপাড়া কালাবাড়ি এলাকার বাসিন্দা শঙ্কর দাসের মেয়ে সুলেখা দাস আটকে রয়েছেন বাহরিনে। এমতাবস্থায় মেয়েকে উদ্ধারের জন্য ভারত সরকারের কাছে অনুরোধ জানিয়েছেন তারা।

---------------------

দোলযাত্রা আগামীকাল। ফাল্গুনী পূর্ণিমায় ঋতুরাজ বসন্তের আবাহনে রাজ্যবাসী মেতে উঠবে রং-এর খেলায়। দোলের আগে আজ সন্ধ্যায় পালিত হচ্ছে ন্যাড়া পোড়া বা হোলি কা দহন। রাস্তায় রং, আবির, পিচকারি নিয়ে পসরা সাজিয়ে চলেছে বিকিকিনি। সাধারণ মানুষ বিশেষত ছোটদের মধ্যে উৎসাহ তুঙ্গে। বিভিন্ন জায়গায় চলছে বসন্ত উৎসবের অনুষ্ঠান। তবে এবছর শান্তিনিকেতনে দোলে বসন্ত বন্দনা হচ্ছে না। বন্ধ থাকছে সোনাঝুরির হাট। যদিও দোল উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে ছুটির বিজ্ঞপ্তি জারি করেছে বিশ্বভারতী কর্তৃপক্ষ। এর পরিবর্তে আগামী ৫ এবং ৬ই মার্চ বসন্ত বন্দনার আয়োজন করা হয়েছে। গৌড়প্রাঙ্গনে এই অনুষ্ঠান হবে।

ফাল্গুনী পূর্ণিমায় নবদ্বীপে আজই ভক্তি রসে মেতেছেন সাধারণ মানুষ। গৌড়ীয় মঠে আজ দোলযাত্রা ও শ্রী চৈতন্য মহাপ্রভুর ৫৪০ তম আবির্ভাব মহোৎসব পালিত হয়। আবির খেলার সঙ্গেই চলে নগর কীর্তন।

দোল উপলক্ষে পুরুলিয়ার অযোধ্যা পাহাড়, বাঁকুড়ার বিষ্ণুপুর, পূর্ব মেদিনীপুরের দীঘা-মন্দারমনি সহ বিভিন্ন পর্যটন স্থানে ভিড় জমাচ্ছেন সাধারণ মানুষ।

দোলের দিন আইনশৃঙ্খলা পরিস্থিতি নির্বিঘ্ন রাখতে একাধিক উদ্যোগ নিয়েছে প্রশাসন।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে দোল উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিয়ে এসআইআর-এর কারণে ফের একবার নির্বাচন কমিশনের বিরুদ্ধে অবস্থান বিক্ষোভে বসার কথা জানান।

---------------------

কোচবিহারের দিনহাটার বলরামপুর রোডে একটি বেসরকারি কারখানায় নির্মাণ কাজ চলার সময় দুর্ঘটনায় বিদ্যুৎপৃষ্ট হয়ে পাঁচজন শ্রমিক প্রাণ হারানোর ঘটনায় ওই নির্মাণ সংস্থার সাইট ম্যানেজার দীপু অধিকারী কে আজ পুলিশ গ্রেফতার করে । পুলিশ সূত্রে জানা গেছে অভিযুক্তের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় মামলা রুজু করা হয়েছে ।

উল্লেখ্য, কোচবিহারের দিনহাটায় বিদ্যুৎপৃষ্ট হয়ে গতকাল পাঁচ শ্রমিকের মৃত্যুর ঘটনায়, তাঁদের পরিবারকে রাজ্য সরকার ২’লক্ষ টাকা করে আর্থিক সহায়তা দেবে বলে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ জানিয়েছেন। গতকাল দুর্ঘটনার পরেই তিনি হাসপাতালে শোকাহত পরিবারগুলির সঙ্গে সাক্ষাৎ করেন। তাঁর সঙ্গে ছিলেন কোচবিহারের জেলাশাসক রাজু মিশ্র।

--------------------- ---------------------